



বি এ এফ শাহীন কলেজ ঢাকা

তেজগাঁও, ঢাকা-১২০৬

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বি এ এফ শাহীন কলেজ ঢাকায় নিম্নবর্ণিত শূন্য/সৃষ্ট পদে সরকারি বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- ২। প্রভাষক - ০১ জন : কলেজ শাখায় বাংলা ভাষনে শূন্য পদে বাংলা (০১ জন) বিষয়ে পাঠদানের জন্য।
(বাংলা ভাষন)
- ৩। প্রভাষক - ০২ জন : কলেজ শাখায় ইংরেজি ভাষনে সৃষ্ট পদে মার্কেটিং (০১ জন) ও ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা (০১ জন) বিষয়ে পাঠদানের জন্য।
(ইংরেজি ভাষন)
- ৪। প্রদর্শক - ০২ জন : কলেজ শাখায় বাংলা ভাষনে শূন্য পদে পদার্থবিজ্ঞান (০১ জন) ও গণিত (০১ জন) বিষয়ে পাঠদানের জন্য।
(বাংলা ভাষন)
- ৫। প্রদর্শক - ০৬ জন : কলেজ শাখায় ইংলিশ ভাষনে সৃষ্ট পদে পদার্থবিজ্ঞান (০১ জন), রসায়ন (০১ জন), গণিত (০১ জন), জীববিজ্ঞান (০১ জন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (০১ জন) ও পরিসংখ্যান (০১ জন) বিষয়ে পাঠদানের জন্য।
(ইংলিশ ভাষন)
- ৬। সিনিয়র/সহকারী শিক্ষক - ০৬ জন (ইংরেজি ভাষন) : স্কুল শাখায় ইংরেজি ভাষনে শূন্য/সৃষ্ট পদে বাংলা (০১ জন), সামাজিক বিজ্ঞান (০১ জন), কৃষি শিক্ষা (০১ জন), ইসলাম শিক্ষা (০১ জন), শারীরিক শিক্ষা (০১ জন) ও সাধারণ শিক্ষক (০১ জন প্রাথমিক শাখায় জন্য) বিষয়ে পাঠদানের জন্য।
- ৭। সিনিয়র/সহকারী শিক্ষক - ০৩ জন (বাংলা ভাষন) : স্কুল শাখায় বাংলা ভাষনে শূন্য/সৃষ্ট পদে ইংরেজি (০১ জন), বাংলা (০১ জন প্রাথমিক শাখার জন্য) এবং সাধারণ শিক্ষক (০১ জন প্রাথমিক শাখার জন্য) বিষয়ে পাঠদানের জন্য।
- ৮। ক্রীড়া শিক্ষক - ০১ জন : স্কুল শাখায় বাংলা ভাষনে সৃষ্ট পদে ক্রীড়া শিক্ষক (মহিলা) -০১ জন।
(স্কুল শাখা)-বাংলা ভাষন
- ৯। ইলেকট্রিশিয়ান কাম প্লামবার-০১ জন : ৮ম শ্রেণি পাস। সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাস হতে হবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
বেতনঃ ৪৭০০-২৬৫৭৭-৬৫৫৫-ইবি-২৯০x১১-৯৭৪৫/-

১০। শিক্ষক পদের জন্য সরকারি বিধি মোতাবেক শিক্ষাগত এবং অন্যান্য যোগ্যতা থাকতে হবে।

১১। বেতন স্কেল ও অন্যান্য সুবিধা : সরকারি বিধি মোতাবেক (বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য) বেতন স্কেল প্রদান করা হবে। এ ছাড়া প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী বাড়িভাড়া (মূল বেতনের ৫৫% - ৬০%) ভাতা, চিকিৎসা ভাতা, নগর ভাতা, উৎসব ভাতা, চাকুরী স্থায়ীকরণ সাপেক্ষে ১০% কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড ও গ্র্যাচুইটি সুবিধা। English Version- এর বিশেষ যোগ্য প্রার্থীর জন্য অতিরিক্ত মাসিক ৩,০০০/- টাকা সম্মানীর ব্যবস্থা রয়েছে।

১২। প্রার্থীদেরকে কলেজ পরিচালনা পরিষদের সভাপতি বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র (আবেদনপত্রে ও খামের উপরে পদ, বিষয় ও ভাষন উল্লেখপূর্বক) জীবন বৃত্তান্ত, সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি ছবি, সকল প্রামাণ্য কাগজপত্রের সত্যায়িত কপি এবং সকল পদের জন্য অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে "বি এ এফ শাহীন কলেজ ঢাকা"র অনুকূলে ক্রয়কৃত ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ০৮-১০-২০১৩ তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাক/কুরিয়ার সার্ভিস যোগে বা সরাসরি উক্ত কলেজে অফিস চলাকালীন (০৮৩০-১৪৩০ ঘটিকা) পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র, অন্যান্য শর্তাবলী পরিপূর্ণ না হলে এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক শুধুমাত্র নির্বাচিত প্রার্থীদের ২৬-১০-২০১৩ তারিখ ০৯৩০ ঘটিকায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার জন্য কেবলমাত্র নির্বাচিত প্রার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা ১২-১০-২০১৩ তারিখ ১৫০০ ঘটিকা কলেজ নোটিশ বোর্ডে দেওয়া হবে এবং প্রার্থীদেরকে নিজ দায়িত্বে লিখিত পরীক্ষার পূর্বে রোল নম্বর নোটিশ বোর্ড হতে জেনে নিতে হবে। সাক্ষাৎকার/লিখিত পরীক্ষার জন্য পৃথকভাবে কোন পত্র প্রেরণ করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সভাপতি